

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৪৬

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ (১৩) জানাযার সালাত আদায় করা প্রসঙ্গে

13 _ فَصْلٌ فِي الصَّلَاةِ عَلَى الْجَنَازَةِ

আরবী

3046 _ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّتَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ سَعْدِ حَدَّتَنِي أَبِي عَنْ أَبِيهِ عَنْ أَبِيهِ قَالَ: قَالَ عَبْدُ اللَّهِ بْنُ أَبِي قَتَادَةَ عَنْ أَبِيهِ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا دُعِيَ إِلَى جَنَازَةٍ سَأَلَ عَنْهَا فَإِنْ أُثْنِيَ عَلَيْهَا خَيْرًا قَامَ فَصَلَّى وَإِنْ أُثْنِي عَلَيْهَا وَسَلَّمَ إِذَا دُعِيَ إِلَى جَنَازَةٍ سَأَلَ عَنْهَا فَإِنْ أُثْنِيَ عَلَيْهَا خَيْرًا قَامَ فَصَلَّى وَإِنْ أُثْنِي عَلَيْهَا شَرَّا قَالَ لأهلها: (شَأَنُكُم بها) ولم يُصلَل عليها.

الراوي: أَبُو قَتَادَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3046 ا خلاصة حكم المحدث: صحيح _ ((الأحكام)) (109). قال أبو حاتم: ترك المصطفى الصلاة على من وصفنا نعته كان ذلك قصداً التَّأْدِيبِ مِنْهُ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لأُمَّتِهَ كَيْلَا يَرْتَكِبُوا مِثْلَ ذَلِكَ الْفِعْلِ لَا أَنَّ الصَّلَاةَ غَيْرُ جَائِزَةٍ عَلَى مَنْ أَتَى مَنْ لَمْ يُصلَل عَلَيْهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ.

বাংলা

৩০৪৬. আবূ কাতাদাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে যখন কোন জানাযার সালাতের জন্য আহবান করা হতো, তখন তিনি তার সম্পর্কে জিজ্ঞাসা করতেন, যদি তার প্রশংসা করা হতো, তখন তিনি দাঁড়াতেন এবং সালাত আদায় করতেন আর যদি তার সম্পর্কে মন্দ বলা হতো, তবে তিনি তার পরিবারের লোকদের বলতেন, "তোমরা এটি সমাধা করে নাও।" তিনি নিজে তার জানাযা সালাত আদায় করতেন না।"[1]

আবূ হাতিম ইবনু হিবানে রহিমাহুল্লাহ বলেন, "আমরা যে ব্যক্তির কথা বর্ণনা করলাম, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক তার জানাযার সালাত না আদায় করার কারণ হলো তাঁর পক্ষ থেকে উম্মতকে এই ব্যাপারে শিক্ষা দেওয়া, যাতে তারা এরকম কাজ না করে। এটা উদ্দেশ্য নয় যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যার



জানাযার সালাত আদায় করেননি, তার মতো যে কাজ করবে, তার জানাযার সালাত আদায় করা জায়েয নেই।"

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/২৯৯; হাকিম: ১/৩৬৪; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৩/৩-৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ১০৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন